



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
চৌদ্দগ্রাম, কুমিল্লা।

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা কর্তৃক নং-১৭.১০.১৯০০.০০০.৪১.০১১.২১-১১৩৯, তারিখঃ ১০ নভেম্বর ২০২১ খ্রি. মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী কুমিল্লা জেলাধীন চৌদ্দগ্রাম উপজেলার উজিরপুর ও কালিকাপুর ইউনিয়নের সাধারণ নির্বাচনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লাকে রিটার্নিং অফিসার নিয়োগ করিয়া প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১১ বিধি অনুযায়ী আমি মোঃ নাছির উদ্দিন, উপজেলা সমাজসেবা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য কুমিল্লা জেলাধীন চৌদ্দগ্রাম উপজেলার উজিরপুর ও কালিকাপুর ইউনিয়নের সাধারণ নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি।

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখঃ	:	২৫ নভেম্বর ২০২১ খ্রি.	(বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ	:	২৯ নভেম্বর ২০২১ খ্রি.	(সোমবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখঃ	:	০৬ ডিসেম্বর ২০২১ খ্রি.	(সোমবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখঃ	:	২৩ ডিসেম্বর ২০২১ খ্রি.	(বৃহস্পতিবার)

আমি আরও জানাইতেছি যে, আগামী ২৫ নভেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত ছুটির দিন সহ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উল্লেখিত চৌদ্দগ্রাম উপজেলার উজিরপুর ও কালিকাপুর ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় উপজেলা সমাজসেবা কার্যালয়, চৌদ্দগ্রাম, কুমিল্লায় মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হইবে।

স্থানঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, চৌদ্দগ্রাম।
তারিখঃ ১০/১১/২০২১খ্রি.।


(মোঃ নাছির উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার
ও


রিটার্নিং অফিসার
উজিরপুর ও কালিকাপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১
চৌদ্দগ্রাম, কুমিল্লা।

তারিখঃ ১০ নভেম্বর ২০২১।

স্মারক নম্বর-৪১.০১.১৯৩১.০০০.০৬.০০১.২১.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। পুলিশ সুপার, কুমিল্লা।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ৮। অফিসার ইন-চার্জ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ৯। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চৌদ্দগ্রাম প্রেসক্লাব, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ১১। চেয়ারম্যান/সচিব, উজিরপুর ও কালিকাপুর ইউনিয়ন পরিষদ, চৌদ্দগ্রাম, কুমিল্লা। (বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়নের পুরুষপূর্ণ স্থানে টাঙ্কিয়ে জারীকরণসহ বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ১২। নোটিশ বোর্ড, অফিস।


উপজেলা সমাজসেবা কার্যালয়
চৌদ্দগ্রাম, কুমিল্লা।